

ভৌতিক সিরিজ

সৌমিত্র বৈশ্য

সম্পূর্ণ অদৃশ্য থেকেও তুমি ক্রমান্বয়ে লিখিয়ে নিতে পার
আজো সব ভৌতিক সিরিজ

বৈশাখী সন্ধ্যার বাতাসের মতো ভেসে যাই এপাড়া-ওপাড়া
পুরাতন বাড়িগুলো গোপন দীর্ঘশ্বাসের মতো
ভেঙে পড়ে কড়িকাঠসহ, আর তাই সব স্মৃতি ভূত হয়ে
লুকিয়ে আশ্রয় নেয় বহুতল বাড়ির অন্ধকার গ্যারাজের ভিতর
আত্মঘাতী শৈবালিনী শূয়ে আছে কালো - রঙা মাতিজের নরম কুশনে
পাশেই একটি ছায়াঘেরা পুষ্করিণী ছিল, আর ছিল নির্জন দুপুর,
নিষিদ্ধ ম্যাটিনী শো, আনারকলির রুদ্ধ ক্রন্দন—

সব আজ তোমার অদৃশ্য প্রেরণার স্রোত হয়ে ফিরে আসে
নিশিরাতে ভৌতিক সিরিজে;

তাই বিশ্বাস করি, তোমার সাথে দেখা হবে ভূত্রস্ত রাতে
তখন জানা যাবে, কারা ফিরে আসে প্রতিটি রাতের আড়ালে
মেঘচ্ছায়া লেগে রয় প্রতিটি অপ্রত্যাশিত বাড়ির দেওয়ালে
নাকি মৃত্যু আড়ি পেতে বসে থাকে জীবনের আনাচে - কানাচে
শৈবালিনী সাদা - কালো ছায়াচিত্র হয়ে ভেসে গেছে দৃশ্যান্তরে
শৈবালিনী এখন কোথায়? চেউ ওঠে স্তম্ভ পুকুরের জলে

নিরন্তর নগ্নতা টেলিভিশনের পর্দা আলো করে রাখে শনিবার মধ্যরাতে।